

নামেই গাভা নরেরকাঠী বধ্যভূমি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়

প্রকাশ : ২৩ জুন ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



নেই সরকারি অনুমোদন, শিক্ষক-শিক্ষার্থী

বানারীপাড়া (বরিশাল) সংবাদদাতা

সরকারি অনুমোদন নেই অথচ দৃষ্টিনন্দন বিদ্যালয় ভবন। উপজেলার গাভা নরেরকাঠী বধ্যভূমি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়টি গত ২৬ বছর ধরে শিক্ষার্থী ও শিক্ষকবিহীন দৃষ্টিনন্দন বিদ্যালয় ভবনটি অযত্ন ও অবহেলায় পড়ে আছে। পরিণত হয়েছে সমাজ বিরোধী ও মাদকসেবীদের আড্ডাখানায়। সরকারি বিদ্যালয় হবে— এ আশায় স্থানীয় কয়েকজন মিলে কাগজে-কলমে ১৯৯৩ সালে বিদ্যালয় সৃষ্টি করে। পরবর্তীতে ওই বিদ্যালয়ের কার্যক্রম না থাকায় রেজিস্ট্রেশন বা সরকারি বিদ্যালয় ঘোষণা হয়নি। এমনকি উপজেলা শিক্ষা অফিসে গাভা নরেরকাঠী

বধ্যভূমি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় নামে কোনো বিদ্যালয় নেই।

কিন্তু তারপরও ২০১২ সালে উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে এবং এলজিইডির বাস্তবায়নে প্রায় ৫৫ লাখ টাকা ব্যয়ে দৃষ্টি নন্দন বিদ্যালয় ভবন নির্মাণ করা হয়। যা এলাকার জনসাধারণ এবং প্রাথমিক শিক্ষা বিস্তারে কোনো কাজে লাগছে না। বরং ওই বিদ্যালয় ভবনটি এখন পরিণত হয়েছে সমাজ বিরোধী ও মাদকসেবীদের নিরাপদ অভয়াশ্রমে। এমনকি ওই বিদ্যালয়টি উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের নিয়ন্ত্রণেও নেই। বানারীপাড়ায় অনেক বিদ্যালয় রয়েছে যেখানে ৪/৫শ শিক্ষার্থী পড়াশুনা করছে। যাদের বসার সংকুলান হচ্ছে না।

উপজেলা শিক্ষা কর্মকর্তা আবুল কালাম আজাদ জানান, ওই বিদ্যালয়টি উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের তালিকায় নেই। তবে কীভাবে বিদ্যালয় ভবন নির্মাণ হলো তা আমার জানা নেই। বর্তমানে বিদ্যালয়টি দেখভাল করার জন্য স্থানীয় নেতৃবৃন্দকে দায়িত্ব দেওয়া হয়েছে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।